

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

নং-৫১.০১.০০০০.০৩২.০৫.০০৭.১৯ - ৪৬

তারিখঃ ১২-০৪-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার অনুলিপি (৫) এ বর্ণিত মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) অনুযায়ী আগামী ২২/০৪/২০১৯ খ্রি. এর মধ্যে জেলা/উপজেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত, ২৫/০৪/২০১৯ খ্রি. এর মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় প্রধান কর্তৃক খসড়া অনুমোদন এবং ২৩/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ের এপিএ টিম কর্তৃক চুক্তির খসড়া পর্যালোচনা করার নির্দেশনা রয়েছে।

০২. এছাড়া ৩০/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ের এপিএ টিমের সুপারিশ (যদি থাকে) অন্তর্ভুক্তি পূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্ত করে ১৬/০৬/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ে চুক্তি অনুমোদন ও স্বাক্ষরের জন্য প্রেরণ করতে হবে।

০৩. এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশিকা অনুসরণ পূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে জেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পর্যালোচনার জন্য আগামী ২৩/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উপপরিচালক (প্রশমন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- ১২ (বার) পাতা।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১

ই-মেইলঃ dg@ddm.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (বাজেট) ও সদস্য সচিব এপিএ টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।